140

ভোরের কাগজ

তারিখ ...MAY 4 1999
পৃষ্ঠা ১০ কলাম ৭

তথ্য জানা গেছে।

# ১২ দফা দাবি আদায়ে ছাত্রদলের সপ্তাহব্যাপী বিক্ষোভ কর্মসূচি

কাগজ প্রতিবেদক : বিএনপি মহাসচিব আব্দুল মান্নান ভুঁইয়া শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি এবং জাতীয়তাবাদী ছাত্রদল নেতৃবৃন্দের ওপর নিপীড়ন বন্ধের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, অন্যথায় এর পরিণামের জন্য সরকার দায়ী থাকবে।

গত রোববার ছাত্রদলের এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। ছাত্রদল তাদের ১২ দফা দাবি আদায়ের লক্ষ্যে আগামী ৬ মে থেকে ১২ জুলাই পর্যন্ত নতুন কর্মসূচি ঘোষণা করেছে।

নয়াপল্টনে বিএনপি কেন্দ্রীয় কার্যালয়ে গতকাল বিকালে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে মূল বক্তব্য পড়েন সংগঠনের সাধারণ সম্পাদক নাসির উদ্দিন আহমেদ পিন্টু। সংবাদ সম্মেলনে বিএনপি মহাসচিব আবদুল মান্নান ভুঁইয়া এবং দলীয় নেতা আমান উল্লাহ আমানও বক্তব্য রাখেন। ছাত্রদলের কর্মসূচি ঘোষণা করেন সংগঠনের সভাপতি হাবিব উন নবী সোহেল।

কর্মসূচির মধ্যে আছে, আগামী ৬ মে থেকে সকল রাজনৈতিক দল ও পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে মত বিনিময়, ১৩ জুন সকল থানায় ছাত্র সমাবেশ এবং থানা নির্বাহী কর্মকর্তার কাছে স্মারকলিপি পেশ, ২৭ জুন সকল জেলা সদরে সমাবেশ ও জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ এবং ১২ জুলাই বিভাগীয় শহরে ছাত্র সমাবেশ ও বিভাগীয় কমিশনারের কাছে স্মারকলিপি পেশ।